**উদ্ভাবন কর্ম-পরিকল্পনার আওতায় মহামারী(কোভিড-১৯)/আপতকাল মোকবেলায় গৃহীত কার্যক্রম**
**এবং ভবিষ্যৎ প্রস্তুতি সংক্রান্ত তথ্য :**

**গৃহীত বিশেষ কার্যক্রম :**

1) অফিস ব্যবস্থাপনার ক্ষেত্রে ই-ফাইলিং এর ব্যবহার বৃদ্ধিকরণ। নেটওয়ার্কের স্পীড বৃদ্ধি করা।
2) প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় ও স্বাস্থ্য সেবা বিভাগের নির্দেশনা/ পরিপত্র/প্রজ্ঞাপন/আদেশ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়াধীন দপ্তর/ সংস্থার কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করা। আগাম সচেতনতামূলক পরিপত্র/সার্কুলার জারির মাধ্যমে সতর্ক করা।
3) কোভিডকালীন আগাম সময়াবদ্ধ (Time-bound) কর্মপরিকল্পনা গ্রহণ।
4) অফিসের কর্মকর্তা/কর্মচারীদের সামাজিক দুরুত্ব বজায় রেখে অফিসে কাজ করার ব্যাবস্থা গ্রহণ করা। অফিসের কর্মকর্তা/কর্মচারীদের মাস্ক ব্যবহার নিশ্চিত করা।
5) বয়স্ক ও অসুস্থ কর্মকর্তা-কর্মচারীদের অফিসে আগমন সাময়িক নিরুৎসাহিত করা।
6) সকল কর্মকর্তা-কর্মচারী ও তাঁদের পরিবারবর্গকে জনসমাগম এড়িয়ে চলতে উদ্বুদ্ধ করা।
7) শাখাসমূহ আকস্মিক পরিদর্শন করে স্বাস্থ্য-বিধি মানা হচ্ছে কিনা তা মনিটরিং করা।
8) অফিস প্রবেশস্থলে/লিফটের সামনে কোভিড-১৯ প্রতিরোধক-সরঞ্জামাদি সংযোজন করা। বার বার সাবান পানি দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা রাখা।
9) করোনা ভাইরাসজনিত (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবের কারণে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কর্মকর্তা/ কর্মচারীদের নিরাপত্তার লক্ষ্যে বিভিন্ন সুরক্ষা সামগ্রী (হ্যান্ড স্যানিটাইজার, হ্যান্ড গ্লোবস, হ্যান্ড ওয়াশ, মাস্ক, থার্মাল থার্মোমিটার, স্প্রেইং বোতল জীবানুনাশক পাদানি) বিতরণ/স্থাপন করা।
10) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের ০১ (এক) দিনের বেতন মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে প্রদান করা।
11) অনলাইন এবং ই-ফাইলিং-এর মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করা। বিভিন্ন ট্রেডে অনলাইনে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা।
12) সভা অনুষ্ঠানের ক্ষেত্রে ভার্চুয়াল/Zoom প্লাটফরমের সর্বোচ্চ ব্যবহার করা।
13) আন্তর্জাতিক যুব দিবসে ভার্চুয়াল প্লাটফরমে স্বাস্থ্য বিধি মেনে বিভিন্ন কার্যক্রম পালন।
14) সারা দেশের বিভিন্ন ভলান্টিয়ার্স সংগঠনের সাথে ভার্চুয়াল প্লাটফরম স্থাপন।
15) কোভিড-১৯ এ ক্ষতিগ্রস্ত খেলোয়াড়, প্রশিক্ষক ও ক্রীড়া সংগঠকদের তালিকা প্রণয়ন করে কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্থ বিভিন্ন ফেডারেশনের ক্রীড়াবিদ, কোচ, কর্মকর্তা ও ক্রীড়া সংগঠক, জেলা পর্যায়ে অস্বচ্ছল ক্রীড়াবিদ ও ক্রীড়া সংগঠক এবং বিভিন্ন ফেডারেশন/এসোসিয়েসনের খেলোয়াড়/কর্মকার্তাদের মাঝে আর্থিক অনুদান/ সহায়তা, খাদ্য এবং করোনা সুরক্ষা সামগ্রী প্রদান।